

আমার যাবার বেলাতে
 সবাই জয়ধ্বনি কর্ ।
 ভোরের আকাশ রাঙা হল রে,
 আমার পথ হল সুন্দর ॥
 কী নিয়ে বা যাব সেথা ওগো তোরা ভাবিস নে তা,
 শূন্য হাতেই চলব বহিয়ে
 আমার ব্যাকুল অন্তর ॥
 মালা প'রে যাব মিলনবেশে,
 আমার পথিকসজ্জা নয় ।
 বাধা বিপদ আছে মাঝের দেশে,
 মনে রাখি নে সেই ভয় ।
 যাত্রা যখন হবে সারা উঠবে জ্বলে সঙ্ঘাতারা,
 পূরবীতে করুণ বাঁশরি
 দ্বারে বাজবে মধুর স্বর ॥

Parjaay: Puja, Taal: Dadra, Raag: Ramkeli-Kalingara
 Visit www.geetabitan.com for notation and other detail